গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ১ শাখা
www.mora.gov.bd

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের জানুয়ারি ২০১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২৭/০২/২০১৮ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের জানুয়ারি ২০১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান । সভায় উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মো: আনিছুর রহমান।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ডিসেম্বর ২০১৭ মাসের প্রকল্প পর্যালোচনা সভা ৩০/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ২৬/০২/২০১৮ তারিখে জারি করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি না থাকায় তা সভায় দৃঢ়ীকরণ করা হয়। সভাকে আরো অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে ০৫টি অনুমোদিত, ০৫টি নতুন অনুমোদিত এবং ১১টি অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ রয়েছে ৩৩৩২৭.০০ লক্ষ টাকা এবং থোক বরাদ্দ রয়েছে ১০৯৬৩.০০ লক্ষ টাকা। ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১৭২১৪.৪৫ লক্ষ টাকা (৫১.৬৫ %) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১৬৬৫০.৫৪ লক্ষ টাকা (৫০%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **<u>মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প</u>**<br>সভায় জানানো হয় যে,''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের চাহিদা অনুযায়ী সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অতিরিক্ত ২৩০.০০ কোটি বরাদ্দ পাওয়া যাবে মর্মে আশা করা যায়। এছাড়া, সভায় 'দারুল আরকাম' ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষক নিয়োগ দ্রুত সমাপ্ত করার ওপর গুরুত্বারোপ করা হয়। সভায় আলোচনা হয় যে, 'দারুল আরকাম' ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষার্থীদের ৫ম শ্রেণির সমাপণী পরিক্ষায় অংশগ্রহণ, ৫ম শ্রেণি সমাপ্ত হওয়ার পর কোথায় ভর্তি হবে এ সকল বিষয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে একটি Brain Storming Session এর আয়োজন করা যেতে পারে। | ক) ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের 'দারুল আরকাম' ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষক নিয়োগ দ্রুত সমাপ্ত করতে হবে।<br>খ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা-বেইজ প্রস্তুতের কাজ চলমান রাখতে হবে।<br>গ) 'দারুল আরকাম' ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষার্থীদের ৫ম শ্রেণির সমাপণী পরিক্ষায় অংশগ্রহণ, ৫ম শ্রেণি সমাপ্ত হওয়ার পর কোথায় ভর্তি হবে এ সকল বিষয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে একটি ব্রেইন-স্টরমিং সেশনের আয়োজন করতে হবে। | ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক<br>খ) প্রকল্প পরিচালক<br>গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং প্রকল্প পরিচালক |
| ৩.২ | **<u>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায় প্রকল্প</u>**<br>সভায় জানানো হয় যে, প্রকল্পটির প্রকল্প পরিচালক নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের বিভিন্ন কমিটির প্রশাসনিক আদেশ জারি, পদ সৃজন ও সংরক্ষণের প্রস্তাব, প্রেষণে ও সরাসরি জনবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) প্রকল্পের বিভিন্ন কমিটির প্রশাসনিক আদেশ জারি এবং পদ সৃজন ও সংরক্ষণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) প্রকল্পে প্রেষণে বিভিন্ন ক্যাটাগরির জনবল নিয়োগের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ এবং সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

চলমান পৃ:/২)

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.৩ | **ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প**<br>সভায় নিজস্ব অর্থে বাস্তবায়নযোগ্য কাজের অগ্রগতির তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী মান সম্পন্ন পুস্তক মুদ্রণের ওপর গুরুত্বারোপ করা হয়। | ক) নিজস্ব অর্থে বাস্তবায়নযোগ্য কাজের অগ্রগতির তথ্য ও আর্থিক হিসাব প্রতি সভার কমপক্ষে ৫দিন পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী মান সম্পন্ন পুস্তক মুদ্রণ কার্যক্রম চলমান রাখতে হবে। | ক)প্রকল্প পরিচালক<br>খ) প্রকল্প পরিচালক |
| ৩.৪ | **ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প**<br>সভায় প্রকল্পের অগ্রগতি কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। প্রকল্প পরিচালক জানান যে, পুস্তক নির্বাচনের কাজ চলমান রয়েছে। এছাড়া, কম্পিউটার ও ফটোকপিয়ার ক্রয়ের দরপত্র মূল্যায়নের কাজ চলছে। কার্যাদেশ প্রদান করা হলে ব্যয়ের পরিমান বৃদ্ধি পাবে। পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির জন্য EOI আহবান করা হয়েছে। সভাপতি বিবেচ্য প্রকল্পের ওপর একটি বিশেষ স্টিয়ারিং কমিটির সভা আহবান করে প্রকল্পের অগ্রগতি এবং সামগ্রিক বিষয়ে পর্যালোচনার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, মার্চের মধ্যে পুস্তক নির্বাচন কাজ সম্পন্ন করে কার্যাদেশ প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | ক) প্রকল্পের ওপর একটি বিশেষ স্টিয়ারিং কমিটির সভা আহবান করে প্রকল্পের অগ্রগতি এবং সামগ্রিক বিষয়ে পর্যালোচনা করতে হবে।<br>খ) মার্চ ২০১৮ এর মধ্যে পুস্তক নির্বাচন কাজ সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করতে হবে। | ক) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সভাপতি, স্টিয়ারি কমিটি এবং প্রকল্প পরিচালক<br>খ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও সভাপতি, পুস্তক নির্বাচন কমিটি এবং প্রকল্প পরিচালক |
| ৩.৫ | **প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প**<br>সভায় জানানো হয় যে, প্রকল্পটির সংশোধিত ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং ১১টি স্থান চূড়ান্ত করে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। সভাপতি প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধনে সম্মতি প্রদানের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ, গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দরপত্র আহবান এবং স্থাপত্য ফার্ম কর্তৃক Detail Architectural Design with Finished Product এর কার্যক্রম সম্পন্নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | ক) প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধনে সম্মতি প্রদানের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে।<br>খ) চূড়ান্তকৃত ১১টি স্থানে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দরপত্র আহবানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>গ) স্থাপত্য ফার্ম কর্তৃক Detail Architectural Design with Finished Product এর কার্যক্রম সম্পন্নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>খ)প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর<br>গ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক |
| ৩.৬ | **মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প**<br>সভায় জানানো হয় যে, প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের প্রেষণে ও সরাসরি জনবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।<br>খ) মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম প্রকল্পের প্রেষণে ও সরাসরি জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট<br>খ)ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |

(চলমান পৃ:/৩)

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.৭ | <u>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প</u><br>সভায় প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার ওপর গুরুত্বারোপ করা হয়। | প্রকল্পের সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৮ | <u>প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প</u><br>সভায় জানানো হয় যে, “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা-২য়” শীর্ষক প্রকল্পের ওপর অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশের আলোকে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| ৩.৯ | <u>গোপালগঞ্জ ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স নির্মাণ :</u><br>সভায় জানানো হয় যে, প্রকল্পের বিভিন্ন কমিটির প্রশাসনিক আদেশ জারি, পদ সৃজন ও সংরক্ষণের প্রস্তাব, প্রেষণে ও সরাসরি জনবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ জানানোর ওপর গুরুত্বারোপ হয়। | ক) প্রকল্পের বিভিন্ন কমিটির প্রশাসনিক আদেশ জারি এবং পদ সৃজন ও সংরক্ষণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) প্রকল্পে প্রেষণে বিভিন্ন ক্যাটাগরির জনবল নিয়োগের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ এবং সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>গ) প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং প্রকল্প পরিচালক<br>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং প্রকল্প পরিচালক<br>গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৩.১০ | <u>সিরতা ,ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প</u><br>সভায় জানানো হয় যে, প্রকল্পের বিভিন্ন কমিটির প্রশাসনিক আদেশ জারি, পদ সৃজন ও সংরক্ষণের প্রস্তাব, প্রেষণে ও সরাসরি জনবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ জানানোর ওপর গুরুত্বারোপ হয়। | ক) প্রকল্পের বিভিন্ন কমিটির প্রশাসনিক আদেশ জারি এবং পদ সৃজন ও সংরক্ষণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) প্রকল্পে প্রেষণে বিভিন্ন ক্যাটাগরির জনবল নিয়োগের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ এবং সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>গ) প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং প্রকল্প পরিচালক<br>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং প্রকল্প পরিচালক<br>গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৩.১১ | <u>ইমাম প্রশিক্ষণ একাডেমী কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (কুমিল্লা মডেল ও ময়মনসিংহ)</u><br>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ডিপিপি চূড়ান্ত হয়েছে তবে জমি অধিগ্রহণের জন্য প্রস্তাবিত ব্যয় বেশী হওয়ায় তা পুনরায় পর্যালোচনা করা হচ্ছে। সচিব মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, জমি অধিগ্রহণ জেলা প্রশাসন কর্তৃক করা হয় এবং এ জন্য নির্ধারিত পদ্ধতি রয়েছে। প্রেক্ষিতে জেলা প্রশাসন হতে জমি অধিগ্রহণ বাবদ যে ব্যয় প্রাক্কলন করা হয়েছে, সে অনুযায়ী ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। | জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত জমি অধিগ্রহণের প্রাক্কলিত ব্যয় অনুযায়ী ডিপিপি আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

৪

(চলমান পৃ:/৪)

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১২ | **জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প**<br>সভায় জানানো হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে অনুমোদিত চাহিদাপত্র অনুসরণ করে মাস্টারপ্ল্যান প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরকে অনুরোধ জানাতে হবে। পরিচালক, জমিয়াতুল ফালাহ মসজিদ কমপ্লেক্স এ বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের সাথে আলোচনা করত: প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে অনুমোদিত চাহিদাপত্র অনুসরণ করে স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে মাস্টারপ্ল্যান প্রণয়ন করতে হবে।<br>খ) পরিচালক, জমিয়তুল ফালাহ এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | ক) স্থাপত্য অধিদপ্তর ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>খ) পরিচালক, জমিয়াতুল ফালাহ মসজিদ কমপ্লেক্স |
| ৩.১৩ | **চট্টগ্রাম হজ্ব অফিস পুনর্নির্মাণ এবং হজ্ব প্রশিক্ষণ একাডেমী স্থাপন :**<br>সভায় জানানো হয় যে, চট্টগ্রাম হজ্ব অফিস পুনর্নির্মাণ এবং হজ্ব প্রশিক্ষণ একাডেমী স্থাপনের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক খসড়া মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে ১১/০২/২০১৮ তারিখে স্থাপত্য অধিদপ্তর, ঢাকা হজ্জ অফিস এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে একটি প্রতিনিধি দল চট্টগ্রাম সফর করেন। প্রণয়নকৃত খসড়া মাস্টারপ্ল্যানের কতিপয় সংশোধনের জন্য প্রতিনিধিদল পরামর্শ প্রদান করেন। সে অনুযায়ী পরিচালক, হজ্ব অফিস কর্তৃক স্থাপত্য অধিদপ্তরকে পত্র প্রেরণ করা হয়েছে। মাস্টারপ্ল্যানটি চূড়ান্তকরণের লক্ষ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আহবান করা প্রয়োজন। | চট্টগ্রাম হজ্ব অফিস পুনর্নির্মাণ এবং হজ্ব প্রশিক্ষণ একাডেমী স্থাপনের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক খসড়া মাস্টারপ্ল্যান চূড়ান্তকরণের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আহবান করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও পরিচালক, হজ্ব অফিস |
| ৩.১৪ | **৬টি ইসলামিক মিশন কেন্দ্র (বরিশাল, ব্রাহ্মণবাড়িয়া, রাজবাড়ি, কুষ্টিয়া, হবিগঞ্জ এবং শেরপুর) স্থাপন, ৩ পার্বত্য জেলায় ইসলামিক মিশন সাব-সেন্টার স্থাপন এবং ১০টি বিদ্যমান ইসলামিক মিশনের মেরামত ও সংস্কার প্রকল্প :**<br>সভায় জানানো হয় যে, ৩ পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন প্রকল্পের পরিবর্তে বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পের জমি, স্থাপনা এবং অন্যান্য তথ্যাদি সংগ্রহ করা হয়েছে এবং ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | ৬টি ইসলামিক মিশন কেন্দ্র (বরিশাল, ব্রাহ্মণবাড়িয়া, রাজবাড়ি, কুষ্টিয়া এবং দেশের Hard to Reach এরিয়ায় হবিগঞ্জ এবং শেরপুর) স্থাপন, ৩ পার্বত্য জেলায় ইসলামিক মিশন সাব-সেন্টার স্থাপন এবং ১০টি বিদ্যমান ইসলামিক মিশনের মেরামত ও সংস্কারের জন্য প্রকল্পের ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৫ | **বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত বিশিষ্ট ২ টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প**<br>সভায় জানানো হয় যে, প্রকল্পটির দরপত্র আহবান করা হয়েছে। নির্ধারিত তারিখে তা উন্মুক্ত করে মূল্যায়নপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। সভায় প্রকল্প বাস্তবায়ন এবং স্টিয়ারিং কমিটির সভা আহবানের জন্য অনুরোধ জানানো হয়। | ক) আলোচ্য প্রকল্পের নির্মাণ কাজ শুরু করতে হবে।<br>খ) প্রকল্প বাস্তবায়ন এবং স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে। | ক) ওয়াক্ফ প্রশাসক<br>খ) ওয়াক্ফ প্রশাসক |
| ৩.১৬ | **আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্প**<br>সভায় জানানো হয় যে, আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্পের জন্য ৩টি নকশা স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। স্থাপত্য অধিদপ্তর হতে জানা গেছে যে, নকশাসমূহ পর্যালোচনাপূর্বক মতামত প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি অতিশীঘ্রই নকশা চূড়ান্ত করার নির্দেশনা প্রদান করেন। | আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্পের নকশা চূড়ান্ত করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্থাপত্য অধিদপ্তর ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

(চলমান পৃ:/৫)

| | | | |
|---|---|---|---|
| ৩.১৫ | **বিবিধ :**<br>সভায় আলোচনা হয় যে, সংস্থা প্রধান এবং ক্ষেত্র বিশেষে প্রকল্প পরিচালকগণ সভায় উপস্থিত না থাকায় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিলম্ব হচ্ছে । প্রেক্ষিতে পরবর্তী সভা হতে আব্যশিকভাবে সংস্থাপ্রধান এবং প্রকল্প পরিচালকগণকে মাসিক পর্যালোচনা সভায় উপস্থিত থাকতে হবে। বিশেষ কারণবশত: উপস্থিত না থাকতে পারলে সচিব মহোদয়কে সভার পূর্বেই অবহিত করতে হবে। | পরবর্তী সভা হতে আব্যশিকভাবে সংস্থাপ্রধান এবং প্রকল্প পরিচালকগণকে মাসিক পর্যালোচনা সভায় উপস্থিত থাকতে হবে। বিশেষ কারণবশত: উপস্থিত না থাকতে পারলে সচিব মহোদয়কে সভার পূর্বেই অবহিত করতে হবে। | সংস্থা প্রধান ও সকল প্রকল্প পরিচালক। |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-২১/০৩/২০১৮ খ্রি.
অধ্যক্ষ মতিউর রহমান
মন্ত্রী
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০৮.১০৮.১৭.১১৬ তারিখ: ২২.০৩.২০১৮ খ্রি.

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[তাঁকে একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে ]।

০২। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ অতিরিক্ত সচিব, বাজেট-৭]।

০৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা। [দৃ: আ: তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।

০৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা

০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। ওয়াকফ্ প্রশাসক, ওয়াকফ্ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্কাটন, ঢাকা।

০৭। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।

০৮। যুগ্ম-সচিব(প্রশাসন/হজ্জ/সংস্থা/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। মহাপরিচালক, ৭ নম্বর সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।

১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর,ঢাকা।

১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

১৩। উপ-সচিব (প্রশাসন/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।

১৬। প্রকল্প পরিচালক,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা

১৭। প্রকল্প পরিচালক, ''প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন'' শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।

১৮। প্রকল্প পরিচালক, ''মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়''শীর্ষক প্রকল্প, ঢাকা।

১৯। প্রকল্প পরিচালক ''প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা'' শীর্ষক প্রকল্প,
জোবেদা ভিলা (২য় তলা),৬৭/৪,এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।

২০। প্রকল্প পরিচালক, ''ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ'' শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা ।

২১। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।

২২। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা ।

২৩। প্রকল্প পরিচালক, "ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইবেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।

২৪। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

২৫। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন,আগারগাঁও, ঢাকা।

২৬। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।

২৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।

২৯। সিস্টেম এনালিস্ট,আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল]।

৩০। অফিস কপি/মাস্টার কপি।

২২/০৫/১৮

শেখ শামছুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭৭২৩৭
e-mail: planning_sec1@mora.gov.bd